পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট-১

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

পিএসডি-১ সার্কুলার লেটার নং: ০২

তারিখ: ২৩ মে ২০২৬ / ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর (WLMA)

প্রিয় মহোদয়,

‘ক্যাশলেস বাংলাদেশ ইউনিট’ এর নাম পরিবর্তন করে ‘Bangla QR বাস্তবায়ন ইউনিট’ নামকরণ প্রসঙ্গে।

১৬ মার্চ ২০২৬ তারিখের পিএসডি-১: সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

নগদ অর্থের ব্যবহার হ্রাস এবং অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল পেমেন্ট অবকাঠামো বাস্তবায়নে Bangla QR লেনদেন সম্প্রসারণকে অধিকতর বেগবান করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি জারি করা হলো:

ক) বিগত ১৬ মার্চ ২০২৬ তারিখের পিএসডি-১: সার্কুলার নং-০২ এর নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংক, এমএফএস, পিএসপি ও পিএসও-সমূহের প্রধান কার্যালয়ে গঠিত ক্যাশলেস বাংলাদেশ ইউনিট এর নাম পরিবর্তন করে ‘Bangla QR বাস্তবায়ন ইউনিট’ নামকরণ করা;

খ) সকল ব্যাংক, এমএফএস, পিএসপি-এর মোবাইল App-এ গ্রাহকের নিবন্ধন বৃদ্ধি করা, Bangla QR মাধ্যমে অর্থ পরিশোধের ব্যবস্থা চালু করা এবং Bangla QR পেমেন্ট অপশন হোম পেইজে দৃশ্যমান রাখা;

গ) ব্যাংকসমূহের সকল ট্রেড লাইসেন্স যুক্ত রিটেইল হিসাবধারীকে Bangla QR চ্যানেলে অনবোর্ড করা;

ঘ) ৩১ জুলাই ২০২৬ পর্যন্ত মোবাইল App-এ গ্রাহকের নিবন্ধন বৃদ্ধি এবং Bangla QR চ্যানেলে নতুন করে মার্চেন্ট অনবোর্ডিং এর সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রাসহ কর্মপরিকল্পনা আগামী ০৩ জুন ২০২৬ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করা;

ঙ) ব্যাংকসমূহের প্রতিটি শাখায় একজন কর্মকর্তাকে Bangla QR Branding কর্মকর্তা হিসেবে সংযুক্ত করা।

উল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলি এবং ০১ এপ্রিল ২০২৬ তারিখের পিএসডি-১: সার্কুলার লেটার নং: ০১ এর নির্দেশনাবলি বলবৎ থাকবে।

৫. এ নির্দেশনাবলি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আ.ন.ম. মঈনুল কবীর)
পরিচালক (পিএসডি-১)
ফোনঃ ৯৫৩০৩৩৪